বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
বিশেষ প্রকল্প শাখা
সরেজমিন বিভাগ
৫ কারওয়ানবাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.৫১৪.০৬.৪৩১.২৪. ৫৯৯২

তারিখ: ১১ আগস্ট, ২০২৬

**বিষয়: কোভিড-১৯ প্রণোদোনা হিসেবে বিতরণকৃত ঋণের আদায়কৃত ৪% সেবামুল্যের বিভাজন।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ মহামারিতে ক্ষতিগ্রস্ত পল্লী উদ্যোক্তাদের মূলধন সহায়তা প্রদানের লক্ষ্যে সরকার বিআরডিবি'র অনুকূলে ৩০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করে। তদপ্রেক্ষিতে উপজেলা পর্যায়ে অর্থ ছাড় করা হয়। পরবর্তীতে বিআরডিবি'র আওতাধীন বিভিন্ন প্রকল্প/কর্মসূচি ও ইউসিসিএ'র জনবল দ্বারা ৪% সেবামূল্যে উক্ত অর্থ উপজেলা পর্যায়ে পল্লী উদ্যোক্তাদের মাঝে বিতরণ করা হয়। কিন্তু কোভিড-১৯ প্রণোদনা: পল্লী উদ্যোক্তা ঋণ তহবিল পরিচালন নীতিমালায় বিতরণকৃত ঋণের বিপরীতে আদায়কৃত সেবামূল্যের বিভাজন না থাকায় উপজেলা পর্যায়ে দায়িত্ব পালনকারী সংশ্লিষ্ট কর্মচারীদের প্রণোদনা প্রদান করা সম্ভব হয়নি। অর্থ মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ০৭.১০১.০২০.০৩.০৯.০০৪.২০২০-৬৯০ তারিখ: ০৫ সেপ্টেম্বর, ২০২৩ মূলে জারীকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী উক্ত ৪% সেবামূল্য বাবদ আদায়কৃত অর্থ বিআরডিবি'র পরিচালন খাতে ব্যয় করার সুযোগ রয়েছে। যার প্রেক্ষিতে ৪% অর্থের বিভাজন সংক্রান্ত বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে প্রথমে স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫২৫.০৬.০০৩.২৪.১৯৯ তারিখ: ২৮ নভেম্বর, ২০২৪ এবং পরবর্তীতে স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৫২৫.০৬.০০০৩.২৪.১ তারিখ: ০৬ জানুয়ারী, ২০২৬ মূলে কমিটি পুনঃগঠন করা হয়। উক্ত কমিটির সুপারিশের আলোকে ৩০ জুলাই, ২০২৬ তারিখে অনুষ্ঠিত পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচির নীতি-নির্ধারণী কমিটির সভার সিদ্ধান্তক্রমে কোভিড-১৯ প্রণোদোনা হিসেবে বিতরণকৃত ঋণের আদায়কৃত ৪% সেবামূল্য নিম্নোক্তভাবে বিভাজন করা হলো:

| | |
|---|---|
| (ক) সদর দপ্তরের পল্লী উদ্যোক্তা উন্নয়ন তহবিল | - ১.৫০ % |
| (খ) মাঠ কর্মচারীদের ইনসেনটিভ | - ২.০০% |
| (গ) কু-ঋণ | - ০.৫০% |
| সর্বমোট | = ৪% |

(২) মাঠ কর্মচারীদের ইনসেনটিভ প্রদানের ক্ষেত্রে বর্তমানে কর্মরত যে সকল মাঠকর্মীর কোন ধরণের (পল্লী উদ্যোক্তা ঋণ সংক্রান্ত) মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ নেই, সে সকল মাঠকর্মীদের মধ্যে উক্ত ইনসেনটিভ প্রদান করা যাবে এবং যাদের মেয়াদোত্তীর্ণ ঋণ রয়েছে তাদের মেয়াদোত্তীর্ণ ঋণ শূন্য না হওয়া পর্যন্ত উক্ত ইনসেনটিভ প্রদান করা যাবেনা;

(৩) কুঋণের ০.৫০% অংশ স্ব স্ব বিভাগীয় কার্যালয়ের অধীন "পল্লী উদ্যোক্তা কু-ঋণ তহবিল-" শীর্ষক হিসাবে সংরক্ষণ করতে হবে এবং পরবর্তীতে কুঋণ বাস্তবায়ন নির্দেশিকা অনুসরণপূর্বক ব্যয়/সমন্বয় করা যাবে;

(৪) রাজস্ব খাত হতে নিয়মিত বেতন-ভাতাদি প্রাপ্তির কারণে মহিলা উন্নয়ন কর্মসূচিভূক্ত সংশ্লিষ্ট মাঠ সংগঠকগণ সুপারিশকৃত ইনসেনটিভ অংশের ২% এর অর্ধেক অর্থ প্রাপ্য হবেন, বাকী ১%অর্থ সদর দপ্তরের পল্লী উদ্যোক্তা উন্নয়ন তহবিলে প্রেরণ করতে হবে;

(৫) সদর দপ্তরের পল্লী উদ্যোক্তা উন্নয়ন তহবিলের ১.৫০% হতে ১% টাকা ঘূর্ণায়মান পল্লী উদ্যোক্তা ঋণ তহবিল খাতে, ০.২৫% টাকা সভা/সেমিনার/কর্মশালা খাতে ব্যবহৃত হবে। অবশিষ্ট ০.২৫% টাকা বিভাগীয় পর্যায়ে উদ্যোক্তা সৃজন, দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ ও প্রশিক্ষনোত্তর উপকরণ সরবরাহের জন্য বিভাগীয় দপ্তরে জমা থাকবে যা পরিচালক (সরেজমিন) এর অনুমোদন সাপেক্ষে পরবর্তীতে ব্যয় করা যাবে;

(৬) পিইপি'র ক্ষেত্রে সদর দপ্তরের পল্লী উদ্যোক্তা উন্নয়ন তহবিলের ১.৫০% অর্থ বিআরডিবি সদর দপ্তরের সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে প্রেরণ এবং কুঋণের ০.৫০% অর্থ পিইপি সদর দপ্তরে "পল্লী উদ্যোক্তা কু-ঋণ তহবিল-" শিরোনামে ব্যাংক হিসাবে সংরক্ষণ করতে হবে। মাঠ কর্মকর্তা-কর্মচারীদের ২% ইনসেনটিভ পিইপি'র নীতি নির্ধারণী কমিটির সভার সিদ্ধান্তের আলোকে বিভাজনপূর্বক ব্যয় করতে হবে।

১১/৮
২০২৬

মোহাম্মদ মনোয়ার উজ জামান
(যুগ্মসচিব)
পরিচালক (সরেজমিন)

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (সকল),
--------উপজেলা,----------জেলা।

অঃপৃঃদ্রঃ

নম্বর: ৪৭.৬২.০০০০.৫১৪.০৬.৪৩১.২৪.৫৯৯২ তারিখ: ১১ আগস্ট, ২০২৬

অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

(১) যুগ্মপরিচালক (সম্প্রসারণ ও বিশেষ প্রকল্প), বিআরডিবি, ঢাকা।
(২) যুগ্মপরিচালক, বিভাগীয় কার্যালয়, বিআরডিবি ----------বিভাগ।
(৩) নির্বাহী পরিচালক (পিইপি), বিআরডিবি, ফরিদপুর।
(৪) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
(৫) উপপরিচালক (সকল) বিআরডিবি ------------জেলা দপ্তর, ----------জেলা।
(৬) মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(৭) সংশ্লিষ্ট নথি।

মোঃ সাদেকুর রহমান
উপপরিচালক (বিশেষ প্রকল্প)